যায়যায়দিন

তারিখ 26 NOV 2007
পৃষ্ঠা ৩ কলাম ২

# কিন্ডারগার্টেন স্কুল নিবন্ধন করার সিদ্ধান্তকে অভিনন্দন জানিয়েছে অ্যাসোসিয়েশন

কিন্ডারগার্টেন ও ইংলিশ মিডিয়াম স্কুলগুলো নিবন্ধনের আওতায় আনার সরকারি উদ্যোগকে অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন। গতকাল বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরি সভা সংগঠনের সভাপতি রেহেনা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় বলা হয়, সরকারের এ সিদ্ধান্ত সময়োপযোগী ও বাস্তব ভিত্তিক। একই সঙ্গে সরকারি নীতিমালায় নিবন্ধনের শর্ত হিসেবে সংরক্ষিত তহবিল, জমির পরিমাপ, ছাত্রছাত্রী অনুপাতে শিক্ষক সংখ্যা ছাড়াও বেশ কিছু বিষয় বাস্তবতার পরিপ্রেক্ষিতে পুনর্বিবেচনার দাবি জানানো হয়।

সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের মহাসচিব মনোয়ারা ভূইয়া, সহসভাপতি আবদুল বাকী, জাহেদা রহমান, সিরাজুল ইসলাম, মামুনুর রশিদ, পরীক্ষা নিয়ন্ত্রক ওয়াদুদুর রহমান পান্না, যুগ্ম মহাসচিব মিজানুর রহমান, শিক্ষা সচিব ফারুক হোসেন এবং দফতর সচিব সৈয়দ হামিদুর রহমান। বিজ্ঞপ্তি